দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 JUL 1993 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয়ে আইনের শাসন প্রতিষ্ঠা করিতে হইবে

.........................প্রফেসর ইউনুস

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (রবিবার) টি, এস, সি মিলনায়তনে এক অনুষ্ঠানে গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা পরিচালক প্রফেসর মুহাম্মদ ইউনুস ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাগত ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বলিয়াছেন, বিশ্ববিদ্যালয়ের বড় সমস্যা এখন অস্ত্র এবং সন্ত্রাস। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইনের শাসন প্রতিষ্ঠা করা গেলে দেশে আইনের শাসন

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রফেসর ইউনুস

(শেষ পৃঃ পর)

প্রতিষ্ঠা করা অনেক সহজ হইত। আপনারা যদি নিজেদের এবং দেশের মঙ্গল চান তাহা হইলে বিশ্ববিদ্যালয়কে চিরতরে অস্ত্রমুক্ত করুন। বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করুন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দফতরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের শুরুতে ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বক্তৃতা করেন। বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার আ, জা, শিকদার, ছাত্র-নির্দেশনা ও পরামর্শ দান দফতরের পরিচালক মিসেস মেহেরুন নেসা চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রফেসর মুহাম্মদ ইউনুস বলেন, বিশ্ববিদ্যালয় হইল নিয়মের জায়গা। সবকিছু ঘড়ি-ঘন্টার মাপে এখানে চলিবে। আজকের কাজ কালকে করার কোন অজুহাত এইখানে চলার কথা নয়। ক্লাসের দিন ক্লাস, পরীক্ষার দিন পরীক্ষা, নির্বাচনের দিন নির্বাচন, উৎসবের দিন উৎসব ইহাই নিয়ম। ইহার অন্যথা হওয়া উচিত নয়।

ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রধান শত্রু সন্ত্রাস। তবে সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বর্ষ ক্যালেণ্ডার প্রণীত হওয়ায় শিক্ষা কার্যক্রম গতিশীল হইয়া উঠিয়াছে। ক্যাম্পাসের সুষ্ঠু পরিবেশ রক্ষায় ছাত্র-শিক্ষক, অফিসার, কর্মচারীদের আন্তরিক সহযোগিতার ফলে সন্ত্রাস নামক দানবটি মাথাচাড়া দিয়া উঠিতে পারিতেছে না। পরীক্ষা পিছানোর ব্যাপারেও ছাত্র-ছাত্রীদের মধ্যে নূতন চেতনা জাগ্রত হইয়াছে। আমাদের বিশ্বাস অচিরেই বিশ্ববিদ্যালয়ের হারানো গৌরব অর্জন করা সম্ভব হইবে।